

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালত, বরগুনা
(ইংলিশ শাখা)

নম্বর: ৫৯ (জে)

তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩
১৫ এপ্রিল ২০২৬

নিয়োগপত্র

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ কর্তৃক প্রদত্ত সুপারিশ সম্বলিত প্রতিবেদনের প্রেক্ষিতে, জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ মোতাবেক অত্রাদালতের 'সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০,২০০-২৪,৬৮০/- (শ্রেণি-১৪) টাকার বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বছরের জন্য নিম্নছকের প্রার্থীদেরকে অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হইল:

ক্রমিক	প্রার্থীর নাম ও পিতার নাম	রোল নম্বর	ঠিকানা
০১	জনাব মেহেদী হাসান পিতা-আবদুর রাক্কাক হাওলাদার	১১০০৯৪২৫	গ্রাম-কলাগাছিয়া, ডাকঘর-কলাগাছিয়া ৮৬৪০, উপজেলা-গলাচিপা, জেলা-পটুয়াখালী
০২	জনাব সজীব চন্দ্র দাস পিতা-প্রমোদ চন্দ্র দাস	১১০০১৭৮০	গ্রাম-শ্রীমন্তপুর, ডাকঘর-সমাজ ২৪৪৬, উপজেলা- মোহনগঞ্জ, জেলা-নেত্রকোনা

০২। নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে আগামী ২২ এপ্রিল, ২০২৬ তারিখ অফিস সময়ে জেলা ও দায়রা জজ আদালত, বরগুনায় যোগদান করিবার নির্দেশ প্রদান করা হইল।

০৩। শর্তাবলী:

- নির্দিষ্ট তারিখে চাকুরিতে যোগদান না করিলে তাহার নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- চাকুরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণস্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং অন্যান্য কাগজপত্র দাখিল করিতে হইবে।
- প্রার্থীকে নিয়োগের তারিখ হইতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকিতে হইবে এবং উক্ত অবস্থায় যে কোনো মুহূর্তে পূর্বনোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীকে চাকুরিচ্যুত করিতে পারিবে।
- প্রার্থীর শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি সন্তোষজনক না হয় অথবা তিনি দক্ষতা অর্জন করিতে পারিবেন না বলিয়া বিবেচিত হন, তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাহাকে চাকুরি হইতে অপসারণ করা যাইবে।
- সংশ্লিষ্ট বিধি অনুযায়ী শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হইলে প্রার্থীকে চাকুরিতে স্থায়ী করিবার বিষয়ে যথাসময়ে বিবেচনা করা হইবে।
- শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিতে থাকিলে যোগদানের সময় বর্তমান নিয়োগকর্তার নিকট হইতে অবমুক্তকরণ (Release Order) দাখিল করিতে হইবে। এই সংক্রান্তে কোনো তথ্য গোপন করা হইলে প্রার্থী শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হইবেন।
- প্রার্থী নিজ খরচে সিভিল সার্জন/মেডিকেল বোর্ডের নিকট হইতে তাহার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেস্ট) সনদ সংগ্রহ করিয়া যোগদানের সময় দাখিল করিতে হইবে।
- সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি অনুযায়ী প্রার্থীগণকে চাকুরিতে যোগদান করিবার সময় তাহার এবং তাহার পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী) মালিকানাধীন স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে (কমিশন ওয়েবসাইটে প্রদর্শিত) পূরণ করিয়া জমা দিতে হইবে।

৫

৯. কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন অনুষ্ঠিত হইবে, যাহা অবশ্যই সন্তোষজনক হইতে হইবে। সন্তোষজনক না হইলে তাহার নিয়োগ বাতিল করা হইবে।
১০. কর্মে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হইবে না।

(মোঃ সাইফুর রহমান)
সার্ভিস আইডি: ১৯৯৮১১৮০৬৮
সিনিয়র জেলা ও দায়রা জজ
বরগুনা

স্মারক নম্বর: ৭৬(১২)() (জে)

তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩
১৫ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (ব্যক্ততার ক্রমানুসারে নহে) :

১. সভাপতি, অধস্তন জাদালতসমূহের শূন্যপদে সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।
২. ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখা, জেলা ও দায়রা জজ আদালত, বরগুনা।
৩. পুলিশ সুপার, বরগুনা/ পটুয়াখালী/ নেত্রকোনা।
৪. সিভিল সার্জন, বরগুনা/ পটুয়াখালী/ নেত্রকোনা।
৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, বরগুনা।
৬. জনাব মেহেদী হাসান, পিতা-আবদুর রাজ্জাক হাওলাদার, গ্রাম-কলাগাছিয়া, ডাকঘর-কলাগাছিয়া ৮৬৪০, উপজেলা-গলাচিপা, জেলা-পটুয়াখালী।
৭. জনাব সজীব চন্দ্র দাস, পিতা-প্রমোদ চন্দ্র দাস, গ্রাম-শ্রীমন্তপুর, ডাকঘর-সমাজ ২৪৪৬, উপজেলা-মোহনগঞ্জ, জেলা-নেত্রকোনা।
৮. আদেশ কপি/অফিস কপি।

(মোঃ সাইফুর রহমান)
সার্ভিস আইডি: ১৯৯৮১১৮০৬৮
সিনিয়র জেলা ও দায়রা জজ
বরগুনা